আলমডাঙ্গা হাটবোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির নির্বাচন সম্পন্ন

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে বিএনপি সমর্থিত প্যানেল জয় লাভ করেছে। “এ বিজয় ঐক্যের বিজয়, জনগণের বিজয়, শরীফ ভাইয়ের নেতৃত্বের বিজয়” এমন মন্তব্য করেছেন ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান।

গতকাল মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ে মোট ভোটার সংখ্যা ছিল ৪৫৪ জন। সভাপতি বাদে ৫টি সাধারণ সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করেন ১৪ জন প্রার্থী।

বিজয়ী সাধারণ সদস্যরা হলেন আবু সাইদ আলী (১৯৩ ভোট), আহসান হাবিব (১৮৬), তরিকুল ইসলাম (১৮৫) ও শামিম রেজা (১৬৩ ভোট)। সংরক্ষিত মহিলা সদস্য পদে ১৬২ ভোট পেয়ে সাহার বানু নির্বাচিত হয়েছেন।

প্রিজাইডিং অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজার ইমরুল হক জানান, পুরো ভোটগ্রহণ প্রক্রিয়া ছিল অত্যন্ত শান্তিপূর্ণ ও উৎসবমুখর।

বিজয়ী প্যানেলের অন্যতম নেতা টিপু সুলতান বলেন, এই বিজয় কোনো ব্যক্তির নয় এটি নীতি, সততা ও উন্নয়নের বিজয়। আমরা জনগণের বিশ্বাসের মর্যাদা রাখব এবং বিদ্যালয়কে আদর্শ শিক্ষাপ্রতিষ্ঠানে পরিণত করব।

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামী’র

আলোচনা সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামী’র উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৪টার দিকে আলমডাঙ্গা উপজেলা মঞ্চে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা পৌর জামায়াতে ইসলামী’র আয়োজনে রক্তাক্ত ২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ২০০৬ সালের ২৮ অক্টোবরের লাঠি-বইঠা দিবসে শহীদ জামায়াতে ইসলামী সদস্যদের স্মরণে এবং তাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সুবিচারের দাবিতে এ কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা পৌর আমির মাহের আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামী’র সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

আলমডাঙ্গা উপজেলা জামায়াতের সেক্রেটারি মামুন রেজার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামী’র যুব ও ক্রীড়া সম্পাদক নুর মোহাম্মদ টিপু, আইন ও আদালত বিষয়ক সম্পাদক দারুস সালাম, আলতাফ হোসেন, আলমডাঙ্গা উপজেলা আমির শফিউল আলম বকুল এবং পৌর জামায়াতের সেক্রেটারি হাফেজ আমিরুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, গণভোটের মাধ্যমে জুলাই সনদের সাংবিধানিক ও আইনি স্বীকৃতি প্রদান করতে হবে। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারকে দ্রুত পদক্ষেপ গ্রহণ করে জুলাই সনদের স্বীকৃতি নিশ্চিত করতে হবে। অন্যথায় ছাত্র ও জনতা আবার রাজপথে নেমে আসবে।

তিনি আরও বলেন, ২০০৬ সালের লগি-বইঠা ঘটনার সময় যাদের হত্যা করা হয়েছিল, তাদের হত্যার বিচার দ্রুত নিশ্চিত করতে হবে।

বিগত সরকারের পতনের অন্যতম কারণ দুর্নীতি

দুর্নীতির উৎস হচ্ছে এক ধরনের রাজনীতিদের দ্বারা। তাদের হাতেই লালিত হয় দুর্নীতিবাজদের অনেকে। বিগত সরকারের পতনের অন্যতম কারণ ছিল দুর্নীতি। এজন্য সচেতন থাকতে হবে বলে মন্তব্য করেছেন দুদকের চেয়ারম্যান আবদুল মোমেন।

তিনি বলেন, নির্বাচনের আগে মনোনয়ন বাণিজ্যসহ অবৈধ টাকার লেনদেন বেড়ে যায়। এজন্য এখনই সতর্ক থাকতে হবে। সঠিক লোকটিকে নির্বাচন করতে হবে। গতকাল সোমবার সকালে চুয়াডাঙ্গার ডিসি সাহিত্য মঞ্চে দুদকের গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

চেয়ারম্যান আবদুল মোমেন আরও বলেন, তৎকালীন প্রধানমন্ত্রী, তার পরিবারের সদস্যরা এবং সাবেক এমপি-মন্ত্রীদের বিরুদ্ধে দুদকের অনুসন্ধান, তদন্ত ও মামলা দায়ের করা হয়েছে। তার সফল পরিণতির দিকে আমরা যেতে পারবো। দুর্নীতির মামলায় অনেক আসামী দেশীয় সীমান্তের মধ্যে নেই। তারা কিভাবে কোনো উপায়ে সীমান্ত পাড়ি দিয়েছে তা সকলেই জানে। এমনও তো হতে পারে যে তারা এই চুয়াডাঙ্গা সীমান্তই পাড়ি দিয়েছে। ফলে কে কোন দেশে অবস্থান নিয়েছে তা আমাদেরও অজানা না।

এসময় গণশুনানিতে চুয়াডাঙ্গার ২৬টি দপ্তরের বিরুদ্ধে ৯৫টি অভিযোগ শুনানি হয়। এর মধ্যে ৩৩টি অভিযোগ তাৎক্ষণিক শুনানিতে নিষ্পত্তি হয়। ৭টি খারিজ হয় এবং বাকি অভিযোগগুলো সমাধানের প্রতিশ্রুতি দেয়া হয়।

গণশুনানিতে চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন, দুদকের কমিশনার (তদন্ত) মিঞা মুহাম্মদ আলি আকবার আজিজী, মহা-পরিচালক (প্রতিরোধ) আক্তার হোসেন, খুলনা বিভাগীয় কার্যালয়ের পরিচালক জালাল আহমেদ ও চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) জামাল আল নাসের।

আলমডাঙ্গায় ডাকাতি মামলার তিন আসামী গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের বিশেষ অভিযানে ডাকাতি মামলার তিন আসামীকে গ্রেফতার করা হয়েছে। আলমডাঙ্গা থানাধীন রোয়াকুলি গ্রামের টেংরামারী মাঠে আলমডাঙ্গা টু চুয়াডাঙ্গা গামী রাস্তায় ডাকাতি মামলার ঘটনার সাথে জড়িত ৩ আসামীকে গ্রেফতার করা হয়েছে।

জানা গেছে, গত ১৫ অক্টোবর তারিখে কালিদাশপুর ইউনিয়নের আসাননগর গ্রামের মৃত আকবার আলীর ছেলে মোঃ মিরাজুল ইসলাম(৪৫) বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

মামলা সুত্রে জানা গেছে, মিরাজুল ইসলাম বিদেশ (মালয়েশিয়া) হতে নিজ বাড়ীতে আসেন। গত ২৪ অক্টোবর তারিখে ভোর অনুমানিক ৪.২০ ঘটিকার সময়। যে প্রাইভেট গাড়িতে আসেন সেই প্রাইভেট গাড়ির ড্রাইভার ধৃত মজনু রহমানের ছেলে আলামিন হোসেনের প্রাইভেট কার, যাহার রেজিঃ নং- রেজি নাম্বার মেট্রো-ক-০২-০১৪৬, আত্মীয়ের বাড়ীতে বেড়ানোর উদ্দেশ্যে নিজ বাড়ী হতে বাহির হয়।

একই তারিখ ভোর অনুমানিক ৪.৪৫ ঘটিকায় আলমডাঙ্গা থানাধীন আলমডাঙ্গা টু চুয়াডাঙ্গা রোডে ৭নং জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রামের টেংরামারি মাঠে জনৈক মোঃ আসাদুল হক এর জমির পাশে পাঁকা রাস্তার উপর পৌছালে গাছের ডাল ফেলে বেরিকেড দেখে প্রাইভেট কার থামানো মাত্রই গামছা দিয়ে মুখ বাধা অজ্ঞাতনাম ৩/৪ জন আসামী ধারালো চাপাতি, রামদা নিয়ে গাড়ীটি ঘিরে ধরে স্বর্ণালঙ্কার, মোবাইল ফোন ও নগদ টাকা ছিনিয়ে নেয়। বর্ণিত ঘটনায় বাদীর লিখিত এজাহারের প্রেক্ষিতে আলমডাঙ্গা থানার মামলা করা হয়।

গত রবিবার ভোর রাতে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাসুদুর রহমান পিপিএম এর নেতৃত্বে পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ আজগর আলী সঙ্গীয় অফিসার ফোর্সসহ থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে তথ্য প্রযুক্তির সহায়তায় অত্র মামলার ঘটনার সাথে জড়িত আসামী ইসলাম পাড়ার মোঃ মজনুর রহমানের ছেলে মোঃ আল আমিন হোসেন(২২), আসাননগর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে মোঃ মিজানুর

রহমান মন্টু(৪২) ও কামালপুর (চরপাড়া) গ্রামের মোশারোফ হোসেনের ছেলে মোঃ শিলন হোসেন(২০) -কে গ্রেফতার পূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

ধৃত আসামী মোঃ আল আমিন হোসেন(২২) অত্র মামলার ঘটনার সাথে জড়িত থাকার কথা স্বীকার করিয়া বিজ্ঞ আদালতে ফৌঃকাঃবি আইনের ১৬৪ ধারা মোতাবেক জবানবন্দি প্রদান করিয়াছে।

আলমডাঙ্গায় মাকিম হাজেরা শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠিত

আলমডাঙ্গায় মকিম হাজেরা শিক্ষা বৃত্তির শুভ পুনঃযাত্রা শুরু। গতকাল আলমডাঙ্গা সরকারি কলেজে অসচ্ছল বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলপড়ুয়া শিক্ষার্থীদের হাতে অধ্যক্ষ প্রফেসর ড. মফিজুর রহমান বৃত্তির টাকা তুলে দেন।

আমেরিকার পেনসিলভানিয়ার চেনি বিশ্ববিদ্যালয়ে ৮৬ বছর বয়সি অবসরপ্রাপ্ত প্রফেসর ড. মোনায়েম চৌধুরী তাঁর প্রয়াত পিতা-মাতা মীর আব্দুল মকিম চৌধুরী এবং বেগম হাজেরা খাতুনের স্মৃতির উদ্দেশ্যে এই বৃত্তি পুনরায় চালু করেছেন। ড. চৌধুরী বিশ্বাস করেন, অসচ্ছলতা ও প্রতিকূল পরিবেশ সফলতার বড় অন্তরায়। তাই তিনি এই বৃত্তি প্রদানে আর্থিকভাবে অসচ্ছল, এতিম, অসহায় ও নারী শিক্ষার্থীদের বিশেষ প্রাধান্য দিচ্ছেন।

এই বৃত্তির আওতায় শিক্ষার্থীদের স্কুল/কলেজের টিউশন ফি, পরীক্ষার ফি, প্রাইভেট টিউটরের খরচ, বই-খাতা ও শিক্ষাসামগ্রীসহ সকল শিক্ষা-সম্পর্কিত ব্যয় বহন করা হচ্ছে। প্রয়োজনে পরিবারের সহায়তা, পুষ্টিকর খাবার কিংবা (বিশেষ করে মেয়েদের ক্ষেত্রে) যাতায়াত ভাতা হিসেবেও অতিরিক্ত অর্থ প্রদান করা হচ্ছে।

বর্তমানে আলমডাঙ্গা ও আশপাশের এলাকার আটজন শিক্ষার্থীদের মাঝে এই কার্যক্রম শুরু হলেও ড. চৌধুরী ভবিষ্যতে এই উদ্যোগের পরিধি আরও বাড়াতে চান।

এদের মধ্যে কেউ সরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার সুযোগ পেলে, তিনি সেই ব্যয়ভারও এই বৃত্তি থেকে বহনের জন্য বিবেচনা করবেন। বৃত্তিপ্রাপ্তদের জন্য তিনটি শর্ত নির্ধারণ করা হয়েছে।

দর্শনায় জমি দখল ও প্রাণনাশের হুমকির প্রতিবাদে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা ঘুঘু ডাঙ্গায় ৫ দিন ধরে ৩টি পরিবার অবরুদ্ধ অবস্থায় রয়েছে। ফলে তারা ঘর থেকে বের হতে পারছেন না এবং স্কুল ও মাদরাসায় যেতে পারছে না মমিনসহ ওই তিনটি পরিবারের সদস্যরা।

সেলিম কসাই ও নাসির কসাই গংয়ের বিরুদ্ধে জমি দখল ও প্রাণনাশের হুমকির অভিযোগ তুলে ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্বরে এ মানববন্ধনে ভুক্তভোগী পরিবারসহ এলাকাবাসী অংশ নেন।

ভুক্তভোগী মমিন অভিযোগ করে বলেন, আমাদের পৈতৃক জমি দীর্ঘদিন ধরে সেলিম কসাই ও নাসির কসাই গং দখল করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রতিবাদ করায় আমাদের পরিবারকে নিয়মিতভাবে প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন ইয়াছিন, জোসনা, ফাতেমা, রনি, জাহিদুল, খাদিজা, লামিয়া, আব্দুল্লাহ ও রানা সহ ভুক্তভোগী পরিবারের অন্যান্য সদস্যরা।

মানববন্ধনে বক্তারা বলেন, আমরা ন্যায়বিচার চাই। প্রশাসনের হস্তক্ষেপের মাধ্যমে জমি উদ্ধার ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। স্থানীয়রা অভিযোগের সুষ্ঠু তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শহীদ

তিতুমীরের সঙ্গে মোবাইলে যোগাযোগের চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

দর্শনায় আহত দুইজনের পাশে দাড়ালেন বিএনপি নেতা মশিউর রহমান

দর্শনা রামনগর গ্রামের বিএনপি কর্মী মনিরুজ্জামান রুনু গত সপ্তাহে এক ভয়াবহ মোটরসাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন। দুর্ঘটনায় তার মাজা থেকে রানের হাড় ভেঙে যাওয়ায় বর্তমানে তিনি অসহ্য যন্ত্রণায় মানবেতর জীবনযাপন করছেন।

এই দুঃসময়েও মানবতার হাত বাড়িয়ে দিয়েছেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির সম্মানিত সদস্য আলহাজ্ব মশিউর রহমান। তিনি নিজ উদ্যোগে রবিবার দুপুরে রুনুর বাড়িতে গিয়ে তার শারীরিক অবস্থার খোজখবর নেন এবং আর্থিক সহায়তা প্রদান করেন।

এছাড়াও তিনি খোজ নেন দর্শনা পৌরসভার শ্যামপুর এলাকার মোঃ বকুল হোসেনের, যিনি কিছুদিন আগে গাছ থেকে পড়ে গুরুতর আহত হন। দুর্ঘটনায় তার পায়ের হাড় কয়েক টুকরো হয়ে যায় এবং বুকের হাড় ডান পাশে ভেঙে ভিতরে ঢুকে যায়। এ সময় আলহাজ্ব মশিউর রহমান বকুলের কাছেও সহানুভূতির হাত বাড়িয়ে দেন এবং তার দ্রুত সুস্থতা কামনা করেন।

এসময় তিনি বলেন, মানুষ মানুষের জন্য। রাজনীতি শুধু ক্ষমতার জন্য নয় মানবতার পাশে দাড়ানোর নামই প্রকৃত রাজনীতি। আমরা চাই, সমাজের প্রতিটি মানুষ একে অপরের দুঃসময়ে এগিয়ে আসুক।

উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির সদস্য রেজাউল ইসলাম, পৌর ছাত্রদলের সভাপতি আরাফাত রহমান, দর্শনা থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক লিংকন, ছাত্রনেতা আব্দুর রহিম মুন্না, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মুকিত হোসেন, থানা ছাত্রদলের যুগ্ম

আহ্বায়ক শাহেদ ইসলাম সুজন, কুষকদল নেতা ইসরাফিল হোসেন ও যুবদল নেতা রকি প্রমুখ।

স্থানীয়দের মতে, আলহাজ্ব মশিউর রহমানের এ ধরনের মানবিক উদ্যোগ সমাজে এক অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে।

দর্শনায় মোটরসাইকেল দূর্ঘটনায় যুবক নিহত

দর্শনার সাড়াবাড়িয়ার মোড়ে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ছাগলের সাথে ধাক্কা লেগে জীবন (৩৫) নামের একজন যুবক নিহত হয়েছে।নিহত জীবন দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের মদনা গ্রামের সেলিম হোসেনের ছেলে।

জানা যায়, গতকাল রবিবার বেলা ১২ টার দিকে মদনা থেকে সাড়াবাড়িয়া সড়কে যাওয়ার পথে সাড়াবাড়িয়া মোড়ে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ছাগলের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে যায়। সাথে সাথে স্থানীয় লোকজন উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠায়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বিকাল ৪টার দিকে তার মৃত্য হয়। গতকালই মদনা গ্রামে পারিবারিক কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

আলমডাঙ্গায় সিনেমার কায়দায় অভিনব কৌশলে চুরি

আলমডাঙ্গা রিয়াদ কমপ্লেক্স মার্কেটে সিনেমার মতো অভিনব কায়দায় দিনে দুপুরে চুরি হয়ে গেল ত্রিশ হাজার টাকা।

গতকাল জেহালা ইউনিয়নের পুঁটিমারী গ্রামের আমানোল্লা আমান

আলমডাঙ্গা সোনালী ব্যাংক থেকে ত্রিশ হাজার টাকা উত্তোলন করে রিয়াদ কমপ্লেক্স মার্কেটে আসে কাপড় কেনার উদ্দেশ্যে। ব্যাংক থেকে টাকা উত্তোলনের সময় নজর রাখে চার জন অজ্ঞাত ব্যাক্তি।

বৃদ্ধা আমালোল্লাহ আমানের পিছু নিয়ে রিয়াদ কমপ্লেক্স মার্কেটে শিউলি গার্মেন্টসে আসে। কাপড় কেনার ছলনায় বৃদ্ধার দুই পাশে দুজন করে পরিকল্পনা অনুযায়ী বসে কাপড় দেখতে থাকেন। বৃদ্ধার টাকার ব্যাগ কাপড় দিয়ে ঢেকে দেয় এবং ব্লেড দিয়ে ব্যাগ কেটে টাকা বার করে নিয়ে পালিয়ে যায়।

আমানোল্লা কাপড় কেনাকাটা করে দেখে ব্যাগে টাকা নেই।হৌইচৌই শুরু হলে লোকজন জড়ো হয়। সিসি ক্যামেরা দেখে শনাক্ত করার চেষ্টা করা হয়। এ ব্যাপারে শিউলি গার্মেন্টসে কর্মচারীদের কাছ থেকে জানা যায়, তারা অজ্ঞাত চার জন ছিল। তারা কোনো নিয়মিত কাষ্টমার না। তাদের আগে কখনো দেখে নাই।তারা আলমডাঙ্গার আশেপাশের এলাকার মানুষ হতে পারে।

দর্শনা চেকপোস্ট দিয়ে ভারতে যাওয়ার সময় গুলশানের আজিজুর রহমান গ্রেফতার

দর্শনা চেকপোস্ট দিয়ে ভারতে প্রবেশের সময় ইমিগ্রেশন পুলিশের হাতে ঢাকা গুলশানের বাসিন্দা আজিজুর রহমান (৫২) গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃত আজিজুর রহমান নারায়ণগঞ্জের সোনারগাঁও থানার কুতুবপুর এলাকার মৃত মতিউর রহমানের ছেলে।

রবিবার দুপুর ২টার দিকে দর্শনা ইমিগ্রেশন পুলিশ দেশত্যাগে নিষেধাজ্ঞা থাকার কারণে তাকে গ্রেফতার করে।

পুলিশ সূত্রে জানা যায়, আজিজুর রহমানের বিরুদ্ধে ঢাকা মেট্রোপলিটন পুলিশের তেজগাঁও শিল্পাঞ্চল থানাসহ একাধিক থানায় বিভিন্ন মামলা রয়েছে। গ্রেফতারের পর তাকে দর্শনা থানায় হস্তান্তর

করা হয়।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, আজিজুর রহমানের বিরুদ্ধে তেজগাঁওসহ বিভিন্ন থানায় মামলা রয়েছে এবং তার বিদেশে যাওয়া নিষিদ্ধ ছিল। গতকালই তাকে চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হয়েছে।